# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Works

(Request for Quotation Method)

**আরএফকিউ নং- ১৩/২০২৩-২০২৪**

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

স্থাপিত-২০১৫ ইং

ISO 9001:2015 Certified

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

**"অফিস ভবন ইউনিট-২ (নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ) এর ৩য় তলায় শৌচাগার নির্মাণ" কাজের জন্য কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"**

---


**প্রশাসন বিভাগ**

**নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

**চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।**

ই-মেইলঃ-narayanganj□pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

ফোন নং- ০১৭৬৯-৪০০৬৪৯


---

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩.১২৮৭

তারিখঃ ১৩ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট, ১৪৩০ খ্রিস্টাব্দ

**"অফিস ভবন ইউনিট-২ (নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ) এর ৩য় তলায় শৌচাগার নির্মাণ'' কাজের জন্য কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"**

প্রতি,

--------------------------------------
--------------------------------------
--------------------------------------

১. নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে **"অফিস ভবন ইউনিট-২ (নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ) এর ৩য় তলায় শৌচাগার নির্মাণ"** কাজের মালামাল সরবরাহ পূর্বক টয়লেট নির্মাণ করার লক্ষ্যে প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহ পূর্বক কাজ সম্পন্ন করতে ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে সমিতির সদর দপ্তরে অভীষ্ট নির্মাণ কাজের বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.narayanganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।

৫. প্রযোজ্য ক্ষেত্রে নিয়মানুযায়ী নিরাপত্তা জামানত (নিদিষ্ট সময়ের পরে ফেরৎ যোগ্য) কর্তন করে রাখা যেতে পারে।

৬. সিলমোহরকৃত খাম আগামী ০৩/০৯/২০২৩ খ্রিঃ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "অফিস ভবন ইউনিট-২ (নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ) এর ৩য় তলায় শৌচাগার নির্মাণ" এর জন্য কোটেশন এবং আগামী ০৩/০৯/২০২৩ খ্রিঃ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ০৩/০৯/২০২৩ খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs1.narayanganj.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. নির্মাণ কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহ পূর্বক নির্মাণ কাজ শেষ হলে এবং কাজ বুঝে নেওয়ার আবেদন প্রাপ্তি সাপেক্ষে বাপবিবো/সমিতির প্রতিনিধির মাধ্যমে কাজের গুণগত মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে কাজ সম্পন্ন হয়েছে মর্মে গণ্য হবে। সন্তোষজনকভাবে কাজ সম্পাদন এবং সমিতির কর্তৃক বুঝে নেওয়ার পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/সনদ ও ভ্যাট/বিন নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি, সমিতিতে কাজের অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের/কার্যাদেশ প্রদানের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে মালামাল সরবরাহ পূর্বক কাজ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. নারায়ণগঞ্জ পবিস-১ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

০৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

০৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ/বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

০৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর/নবীগঞ্জ), নারায়ণগঞ্জ পবিস-১।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।

১১। মেসার্স.............................................................................।

১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩; (১৩/২০২৩-২০২৪), তারিখঃ ২৮/০৮/২০২৩ খ্রিঃ।

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট নির্মাণ কাজের শর্তাবলী অনুসারে **"অফিস ভবন ইউনিট-২ (নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ) এর ৩য় তলায় শৌচাগার নির্মাণ"** জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য----------------------------- কথায়------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার/আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৩/০৮/২০২৩ খ্রিঃ আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ:

## কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (BoQ)

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩; (১১/২০২৩-২০২৪), তারিখঃ ২৩/০৮/২০২৩ খ্রিঃ।

| আইটেম নম্বর | কার্যের আইটেমভিত্তিক বিবরণ (কাঠামোগত বা নির্মাণগত বিনির্দেশ) | একক | পরিমাণ | দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত একক দর বা মূল্য | | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যায় | কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৪X৫ |
| অফিস ভবন ইউনিট-২ এ অবস্থিত নির্বাহী প্রকৌশলী (এসওডি) কার্যালয়ের ৩য় তলায় শৌচাগার নির্মাণ কাজের ড্রয়িং-ডিজাইন সংযুক্ত করা হলো | সিভিল ওয়ার্ক | অফিস ভবন ইউনিট-২ এ অবস্থিত নির্বাহী প্রকৌশলী (এসওডি) কার্যালয়ের ৩য় তলায় শৌচাগার নির্মাণ কাজের ড্রয়িং-ডিজাইন সংযুক্ত করা হলো | | | | |
| | স্যানিটারি এন্ড ওয়াটার সাপ্লাই ওয়ার্ক | | | | | |
| | ইলেকট্রিক্যাল ওয়ার্ক | | | | | |

[সংখ্যা লিখুন] টি সংশোধনী যাহা কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণের (বিওকিউ) এই পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা যথাযথভাবে অনুস্বাক্ষরিত হইয়াছে।

আমার/আমাদের প্রস্তাব [তারিখ লিখুন, দিন/মাস/বৎসর] পর্যন্ত বৈধ থাকিবে।

________________________

দরপত্রদাতার স্বাক্ষর ও সিল

তারিখ: ..................................................

নোট **(এই পদ্ধতিটি যথাযথ বলিয়া বিবেচিত হইলেই ব্যবহার করুন):**

১। স্বল্পমূল্য ও সাধারণ এবং কাজের সকল উপাদান প্রাক্কলন করা যাইতে পারে, তবে সঠিকভাবে নির্ধারিত নহে।

২। সম্পাদিত কার্যের মূল্য পরিশোধ পুনঃপরিমাপ পদ্ধতিতে করা হইবে।

৩। কলম **১, ২, ৩** ও **৪** ক্রয়কারী পূরণ করিবে এবং কলম **৫, ৬** ও **৭** দরপত্রদাতা পূরণ করিবে।

[ক্রয়কারীর নাম ও ঠিকানা]

চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র
[পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩ (৫)]
কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩; (১৩/২০২৩-২০২৪), তারিখঃ ২৮/০৮/২০২৩ খ্রিঃ।

প্রতি
**[ঠিকাদারের নাম ও ঠিকানা]**

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, [কাজের নাম] কার্য ও ভৌতসেবা সম্পাদনের জন্য আপনার [তারিখ লিখুন] তারিখের কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে, তবে কোনোক্রমেই [তারিখ লিখুন] তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি কার্যের বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | ক্রয়কারীর নাম, পদবি ও স্বাক্ষর<br>[signature] ২৮/০৮/২৩ |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

[signature]

# চুক্তিপত্র

এই চুক্তিপত্র সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ (অতঃপর ক্রয়কারী হিসাবে অভিহিত) একপক্ষ এবং [ঠিকাদারের নাম ও ঠিকানা] (অতঃপর ঠিকাদার হিসাবে অভিহিত) অন্যপক্ষের মধ্যে [বৎসর] সালের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (কার্য ও ভৌতসেবার সংক্ষিপ্ত বর্ণনা) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;

(খ) আহ্বানপত্র;

(গ চুক্তির শর্তাবলি;

(ঘ) বিনির্দেশসমূহ;

(ঙ) নকশা ও ডিজাইন;

(চ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সংবলিত তফসিল;

(ছ) চুক্তির যেকোনো অংশে উল্লিখিত অন্যান্য দলিল।

৩। এতদ্দারা ঠিকাদার ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধতব্য অর্থের বিনিময়ে, চুক্তির বিধান মোতাবেক সর্বতোভাবে কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্দারা অঙ্গীকার করিতেছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে ঠিকাদারকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর: | | |
| নাম: | | |
| পদবি: | | |
| জাতীয় পরিচয়পত্র নং: | | |
| উপস্থিত ব্যক্তির নাম: | | |

# চুক্তির শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি চুক্তিবদ্ধ উভয়পক্ষ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান প্রযোজ্য হইবে।

৩। ঠিকাদারকে চুক্তি স্বাক্ষরিত হওয়ার [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে কাজ শুরু এবং [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে চুক্তির বিধান অনুসারে সর্বোতভাবে সম্পন্ন করিতে হইবে।

৪। ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে কার্যের একটি কর্মসূচি দাখিল করিবে যাহাতে সকল কার্য এবং কার্যের আইটেমসমূহের সম্পাদনের সময় উল্লেখ থাকিবে।

৫। ঠিকাদার আনুপাতিক হারে কার্যের অগ্রগতি বজায় রাখিবে এবং সম্পাদিত কার্যের মূল্যের ভিত্তিতে অগ্রগতি নির্ধারণ করা হইবে।

৬। যদি ক্রয়কারী সাইট হস্তান্তর করিতে বিলম্ব করে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য অন্য কোনো যুক্তিসংগত ও যথাযথভাবে লিপিবদ্ধ কারণ থাকে, তাহা হইলে প্রত্যাশিত কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিত করা যাইবে।

৭। ক্রয়কারী ঠিকাদার কর্তৃক কাজসমূহ পরীক্ষা ও সত্যায়িত করিবে এবং সনাক্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করিবে।

৮। কোনো টেস্টিং ও পরীক্ষা সত্বেও, ক্রয়কারী চাক্ষুষ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করিতে পারিবে:

(ক) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও প্রতিস্থাপন;

(খ) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও পুনঃসম্পাদন ; এবং

(গ) কার্যের নিরাপত্তার জন্য জরুরিভাবে প্রয়োজনীয় যেকোনো কার্য সম্পাদন।

৯। ঠিকাদার চলমান কার্যের বিপরীতে সম্পাদিত কার্যের প্রাক্কলিত মূল্য হইতে পূর্ববর্তী সনদে প্রত্যয়িত ক্রমপুঞ্জিত মূল্য বাদ দিয়া মাসিক চালান (invoice) ক্রয়কারীর নিকট দাখিল করিবে।

১০। ঠিকাদার প্রযোজ্য আইনের অধীন সকল কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভি পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকিবে।

১১। অন্য কোনো রীতিনীতি থাকা সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধের ধরন কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে নিম্নবর্ণিত যেকোনো ধরনের চুক্তির নিম্নোক্ত ভিত্তিতে নির্ধারিত হইবে:

**প্রকৃত দরের ভিত্তিতে**

কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে প্রকৃত সম্পাদিত কার্যের প্রতিটি আইটেমর নিট পরিমাণ পরিমাপ করিতে হইবে। ১০০% শতাংশ কাজের অগ্রগতি অর্জনের পর মূল্য পরিশোধ করা হইবে। ক্রয়কারী ঠিকাদারকে টাকায় মূল্য পরিশোধ করিবে এবং ঠিকাদার কর্তৃক চুক্তির সকল বাধ্যবাধকতা পূরণ সাপেক্ষে চূড়ান্ত মূল্য পরিশোধ করা হইবে।

অথবা

১২। ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সকল ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। মোট চুক্তিমূল্য [সংখ্যায় ও কথায়] টাকা।

১৪। অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনো কার্যের অনুমতি দেওয়া যাইবে না এবং, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৬৯(৬) এর দফা (ক) ও (গ) সাপেক্ষে ভেরিয়েশন আদেশের অধীন কার্য (থোক ভিত্তি ছাড়া) কোনোক্রমেই চুক্তিমূল্যের পনেরো (১৫) শতাংশের অধিক হইতে পারিবে না।

১৫। প্রয়োজন হইলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করিয়া পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করিতে পারিবে।

১৬। ক্রয়কারী ঠিকাদারের প্রতিটি চলতি মূল্য পরিশোধের বিবরণী হইতে রক্ষণযোগ্য অর্থ (retention money) (অর্থাৎ প্রচলিত অর্থে নিরাপত্তা জামানত) হিসাবে দশ (১০) শতাংশ হারে জমা বা কর্তন করিয়া রাখিতে পারিবে।

১৭। ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ ইস্যুর জন্য আবেদন করিবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে উহা জারি করিবে।

১৮। ঠিকাদারের আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী:

(ক) চুক্তি অনুযায়ী কার্য সম্পন্ন হইয়াছে মর্মে সমাপ্তির সনদ ঠিকাদার বরাবর ইস্যু করিবে; অথবা

(খ) কারণ উল্লেখপূর্বক ও সমাপ্তির সনদ ইস্যুকরণার্থে যে সকল কার্যসমূহ সম্পাদন করা/পুনরায় করা প্রয়োজন উহা উল্লেখ করিয়া ঠিকাদারের আবেদন বাতিল করিবে।

১৯। ক্রয়কারী কার্য সম্পাদন সনদ ইস্যু করিবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সাইট এবং কার্য গ্রহণ করিবে।

২০। ঠিকাদার কর্তৃক চূড়ান্ত মূল্য পরিশোধের আবেদনের চৌদ্দ (১৪) দিনের মধ্যে ক্রয়কারী প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিসর উল্লেখ করিয়া ত্রুটি সংশোধনের সনদ ইস্যু করিতে পারিবে।

২১। ক্রয়কারী কর্তৃক কার্য সমাপ্তির সনদ ইস্যুর তারিখ হইতে কার্যের ত্রুটিজনিত দায়ের মেয়াদ [মাসের সংখ্যা সন্নিবেশ করুন] মাস হইবে।

২২। ত্রুটিজনিত দায়ের মেয়াদ উত্তীর্ণ হইবার পর এবং এই মেয়াদ শেষ হইবার পূর্বে ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নোটিশকৃত সকল ত্রুটি সংশোধন করা হইয়াছে মর্মে ক্রয়কারী ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদ ইস্যু করিবে।

২৩। ক্রয়কারী কর্তৃক নোটিশকৃত ক্রটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটিজনিত দায়ের মেয়াদ সম্প্রসারিত হইবে।

২৪। ক্রয়কারীর নোটিশে উল্লেখিত নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার ত্রুটি সংশোধন না করিলে ক্রয়কারী ত্রুটি সংশোধন করিবার ব্যয় মূল্যায়ন করিবে এবং ঠিকাদার ত্রুটি সংশোধনের উক্ত ব্যয় পরিশোধ করিতে দায়ী থাকিবে।

২৫। ঠিকাদার কার্য সম্পাদনের সময় ক্রয়কারীকে সকল প্রকার ক্ষতি হইতে রক্ষা করিবে ও দায়মুক্ত রাখিবে এবং তাহার নিজের সম্পত্তির বা জীবনের, তাহার শ্রমিক বা কর্মীর ক্ষতি, ক্রয়কারী অথবা যেকোনো তৃতীয় পক্ষের যেকোনো কর্মীর কার্য সম্পাদনের সময় উদ্ভূত যেকোনো দাবি তাহার নিজের খরচে ও দায়িত্বে নিষ্পত্তি করিবে।

২৬। কার্য শুরুর তারিখ হইতে ত্রুটিপূর্ণ দায়ের মেয়াদ পর্যন্ত যদি ঠিকাদারের কারণে মূল কার্যের মধ্যে অন্তর্ভুক্ত কার্য বা উপকরণের ক্ষয়-ক্ষতি হয়, তাহা হইলে ঠিকাদার উহা নিজস্ব খরচে মেরামত করিবে।

২৭। ত্রুটিজনিত দায়ের মেয়াদ শেষ হইবার একুশ (২১) দিনের মধ্যে রক্ষণযোগ্য অর্থ ঠিকাদারকে ফেরত প্রদান করিতে হইবে।

২৮। ক্রয়কারী ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যেকোনো সময় সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করিতে পারিবে, যদি ঠিকাদার :

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর বা কার্য শুরু না করিতে পারে;

(খ) কর্মসূচি অনুযায়ী কাযের্র সন্তোষজনক অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়;

(গ) নকশা, অঙ্কন ও বিনির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন করিতে ব্যর্থ হয়;

(ঘ) ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পর নোটিশে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে ক্রটি সংশোধন না করে;

(ঙ) ক্রয়কারীর বিবেচনায় কার্যের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে লিপ্ত থাকে; এবং

(চ) চুক্তি অনুসারে অন্যান্য বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়।

২৯। চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত সকল সম্ভাব্য মতবিরোধ ক্রয়কারী ও ঠিকাদার আপসে মীমাংসা করিবার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

৩০। ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এ উল্লিখিত দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যাদি সম্পর্কিত বিধান সম্পর্কে সচেতন থাকিবে ও অনুরূপ কার্যের জন্য দায়ী হইবে।

# বিনির্দেশ, নকশা ও অঙ্কন
**(Specifications, Design and Drawings)**

| |
|---|
| অফিস ভবন ইউনিট-২ এ অবস্থিত নির্বাহী প্রকৌশলী (এসওডি) কার্যালয়ের ৩য় তলায় শৌচাগার নির্মাণ কাজের ড্রয়িং-ডিজাইন সংযুক্ত করা হলো |

| | |
|---|---|
| (প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | কোটেশনদাতার জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: ২৮.০৪.২৩ | তারিখ: |